দামুড়হুদার হাউলীতে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান

ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান উপলক্ষে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। শনিবার (১৭ অক্টোবর) সকাল ১০টার দিকে ইউনিয়নের জয়রামপুর রেলস্টেশন-সংলগ্ন এলাকায় এ অভিযান চালানো হয়।

জানা গেছে, দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬-এর অংশ হিসেবে হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে বিভিন্ন স্থানে এ কার্যক্রম পরিচালনা করা হয়। এতে অংশ নেন উপজেলা প্রশাসনের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের প্রতিনিধি, বিএনপির নেতাকর্মী ও গ্রাম পুলিশ সদস্যরা।

অভিযানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিন, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, সংরক্ষিত নারী সদস্য রওশন আরা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও গ্রাম পুলিশ সদস্যরা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা লাভলী ইয়াসমিন বলেন, “সরকারের ঘোষণার পরিপ্রেক্ষিতে সারা দেশে প্রতি শনিবার ক্লিন ডে পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলার সব ইউনিয়নের বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছে। সবাইকে যথাযথভাবে এ কার্যক্রম পালনের নির্দেশনা দেওয়া হয়েছে। কেউ এ নির্দেশনা পালন না করলে তাকে জবাবদিহির আওতায় আনা হবে।”

দামুড়হুদার হাউলীতে জিয়াউর

রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছাসেবক দলের আলোচনা সভা ও দোয়া মাহফিল

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেলে হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে জয়রামপুর কুঠিরপাড়া এলাকায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলামের সভাপতিত্বে এবং সিনিয়র সহ-সভাপতি ইদ্রিস আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা। এসময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আবু বকর, সহ-সাধারণ সম্পাদক তারিখ হোসেন, ১ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি শরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক মমিন হোসেন, ৪ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি রুবেল হোসেন, ৫ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাবিবুর রহমান, সহ-সভাপতি চাঁদ আলী, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের নেতা মিল্টন হোসেন, স্বাধীন হোসেন, মুক্তার হোসেন, রতন, হাসিবুল, রাসেল, এনামুল হকসহ দলীয় নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বাংলাদেশের স্বাধীনতা, গণতন্ত্র ও জাতীয়তাবাদী রাজনীতির এক উজ্জ্বল নক্ষত্র। তাঁর আদর্শ ও কর্মময় জীবন নতুন প্রজন্মকে দেশপ্রেম, আত্মনির্ভরশীলতা এবং জনগণের কল্যাণে কাজ করার প্রেরণা জোগায়। বক্তারা তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর আদর্শ বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানের শেষপর্বে চৌধুরীপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা ইছানুর রহমান বিশেষ দোয়া পরিচালনা করেন। দোয়ায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনার পাশাপাশি দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং কল্যাণ কামনা করা হয়।

দামুড়হুদায় টিসিবি পণ্য বণ্টনে অরাজকতা; হাউলীতে উত্তেজনা চরমে

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে টিসিবির পণ্য বিতরণকে ঘিরে দেখা দিয়েছে চরম অরাজকতা। সীমিত বরাদ্দে শত শত কার্ডধারী খালি হাতে ফিরতে বাধ্য হওয়ায় এলাকায় তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। যে কোনো মুহূর্তে পরিস্থিতি বড় ধরনের সংঘর্ষে রূপ নিতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। গতকাল বুধবার ভোর থেকেই কার্ডধারীরা এসে জড়ো হতে থাকে হাউলী ইউনিয়ন পরিষদে।

জানা গেছে, হাউলী ইউনিয়নে মোট কার্ডধারীর সংখ্যা ২২০৬ জন। এর মধ্যে ডিজিটাল এক্টিভেট কার্ড রয়েছে ১৪৮৯টি। অথচ সর্বশেষ চালানে এসেছে মাত্র ১১০৬ কার্ডের বিপরীতে পণ্য। ফলে কয়েকশ’ কার্ডধারী কোনো বরাদ্দই পাননি।

পূর্বে নিয়মিতভাবে সব কার্ডের বিপরীতে পণ্য আসলেও সাম্প্রতিক সময়ে ঘাটতি সাধারণ মানুষকে চরম দুর্ভোগে ফেলেছে। ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে মাইকিং করে ঘোষণা দেওয়া হয়েছিল আগে আসলে আগে পাওয়া যাবে। এ ঘোষণার পর ভোর থেকেই পরিষদ প্রাঙ্গণে ভিড় জমায় হাজারো মানুষ। ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও অনেকেই খালি হাতে ফিরতে বাধ্য হন।

স্থানীয়রা অভিযোগ করেছেন, আগে ডিলাররা পণ্য প্যাকেট করে নিয়ে এসে বিতরণ করতেন, তখন ভোগান্তি কম হতো। কিন্তু বর্তমানে ইউনিয়ন পরিষদে এসে প্যাকেট তৈরি করায় ঘন্টার পর ঘন্টা মানুষকে লাইনে দাঁড়িয়ে থাকতে হচ্ছে। প্রচণ্ড রোদে অপেক্ষা করতে গিয়ে কয়েকজন অসুস্থ হয়ে পড়েন। তাদের অভিযোগ, গরিব মানুষের কষ্ট দেখার কেউ নেই। মুখেই সবাই বলে অথচ কার্ড থাকতেও পণ্য পাচ্ছিনা।

ক্ষুব্ধ কার্ডধারী রমেলা খাতুন বলেন, আমার বাড়িতে পুরুষ মানুষ নেই। সকাল থেকে লাইনে দাঁড়িয়ে থেকেও কোনো পণ্য পাইনি। শুধু আমি নই, আরও অনেকে খালি হাতে ফিরেছেন।

স্থানীয়দের প্রশ্ন সরকারি পণ্য যখন সীমিত আসে, তখন কেন সমানভাবে ভাগ করে দেওয়া হয় না? তাদের দাবি, ন্যায্য বণ্টন ব্যবস্থা না চালু করলে এ ধরনের অনিয়ম-অবিচার চলতেই থাকবে।

এ বিষয়ে ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিরা বলছেন, সীমিত বরাদ্দের কারণে তারা চরম অস্বস্তিকর অবস্থায় পড়েছেন। উপজেলা প্রশাসনের দাবি, সরকারের পাঠানো বরাদ্দ অনুযায়ীই বিতরণ করা হচ্ছে। তবে সাধারণ মানুষের অভিযোগ প্রশাসন শুধু দায় এড়াচ্ছে, সমস্যার সমাধান করছে না।

এলাকার সচেতন মহল সতর্ক করে বলেছেন, এভাবে অনিয়ম ও অব্যবস্থাপনা চলতে থাকলে পরিস্থিতি যেকোনো সময় মারামারি থেকে রক্তক্ষয়ী সংঘর্ষে রূপ নিতে পারে। সরকারি পণ্য বণ্টনে স্বচ্ছতা ও ন্যায্যতা নিশ্চিত না হলে গ্রামীণ জনজীবন আরও উত্তপ্ত হয়ে উঠবে বলে আশঙ্কা করা হচ্ছে। এবিষয়ে ইউনিয়নবাসী উপজেলা নির্বাহী অফিসারের হস্তক্ষেপ কামনা করেন।

এবিষয়ে টিসিবির পণ্য বিতরণ ট্যাগ অফিসার আতিকুর রহমান বলেন, সরকারিভাবেই বরাদ্দ কম আসছে, যার ফলে বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছে কেউ পাচ্ছে কেউ পাচ্ছে না। যারা আগে আসছে তারা পাচ্ছে, কারণ কার্ডের সংখ্যা বেশি বরাদ্দ সংখ্যা কম।

দামুড়হুদার হাউলী ইউনিয়ন পরিষদে বিনামূল্যে চাল বিতরণ

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দুস্থ ও অসহায় মানুষের মাঝে বিনামূল্যে চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১০টায় ইউনিয়ন পরিষদ চত্বরে, হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ভিজিএফ কর্মসূচির আওতায় এ চাল বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

এ সময় প্রতিটি পরিবারকে ১০ কেজি করে চাল দেওয়া হয়। মোট ২,৬৮৮ জন উপকারভোগীর মাঝে এ চাল বিতরণ করা হয়।

চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, ইউনিয়ন জামায়াতের আমির ওবায়দুল হক, ট্যাগ অফিসার আতিকুর রহমান এবং ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল হান্নান পটু, রিকাত আলীসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ।

চাল বিতরণ কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ইউনিয়ন পরিষদের আয়োজনে নানা কর্মসূচি গ্রহণ করা হয়।

এর মধ্যে সকালে ইউনিয়ন পরিষদ চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র্যালির মাধ্যমে দিনের কার্যক্রম শুরু হয়। র্যালিটি ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

পরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় স্থানীয় সরকার ব্যবস্থার গুরুত্ব, জনসেবায় ইউনিয়ন পরিষদের ভূমিকা এবং উন্নয়ন কর্মকাণ্ড বিষয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন এর সভাপতিত্বে আলোচনা সভায় তিনি স্থানীয় সরকারের উন্নয়ন

কার্যক্রম তুলে ধরে বক্তব্য দেন।

এছাড়া, ইউপি সদস্য, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সাধারণ জনগণও অনুষ্ঠানে অংশ নেন।

সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সহসভাপতি সলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী সহ ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ।

সভা শেষে ইউনিয়ন পরিষদের সেবাগুলো সহজে জনগণের কাছে পৌঁছে দিতে জন্মনিবন্ধন, নাগরিক সনদ ও অন্যান্য সেবা প্রদান করা হয়। এই আয়োজনের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থার প্রতি জনগণের আস্থা ও সচেতনতা বৃদ্ধি পেয়েছে বলে আয়োজকরা মনে করেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে বিএনপির কর্মীসভা

দামুড়হুদা হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বেলা ৪টার দিকে হাউলী ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপির আয়োজনে জয়রামপুর ষ্টেশন বাজার মাঠে এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড বিএনপির সভাপতি (ভারপ্রাপ্ত) আবুল হাসান এর সভাপতিত্বে কর্মী সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, সাংগঠনিক সম্পাদক প্রফেসার আবুল

হাসেম। হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন,। দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ভারপ্রাপ্ত আনছার আলী, থানা বিএনপি নেতা রোকনুজ্জামান তোতাম, আব্দুস সালাম।

হাউলী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, পাঠাগার সম্পাদক আরিফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবদলের নেতা হুমায়ুন কবির ডাবলু, মমিনুল ইসলাম, সুমন।

হাউলী ইউনিয়ন কৃষক দলের সভাপতি শমসের আলী, সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম,
হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইদ্রিস আলী।হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান।

হাউলী ইউনিয়ন যুবদল নেতা আরিফুল ইসলাম, দেলোয়ার, নূর সালামসহ বিভিন্ন ওয়ার্ড থেকে আসা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে এই কর্মী সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানায়। সভায় দলের সাংগঠনিক কার্যক্রম জোরদার করার পাশাপাশি দলীয় ঐক্য বজায় রেখে ভবিষ্যৎ রাজনৈতিক কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়। বক্তারা দলের তৃণমূল পর্যায়ের কর্মীদের সক্রিয় ভূমিকা এবং জনগণের পাশে থাকার আহ্বান জানান। তারা দলীয় আদর্শ ও নেতৃত্বের প্রতি আস্থা রেখে সংগঠনকে আরও সুসংগঠিত করার প্রত্যয় ব্যক্ত করেন। বক্তারা গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। উল্লেখ্য, এই কর্মী সভা ভবিষ্যৎ কর্মসূচি প্রণয়ন ও সংগঠনের কার্যক্রম শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো: আব্দুর রাজ্জাক।

দামুড়হুদা হাউলীতে ভিজিএফ’র চাউল বিতরণ পরিদর্শনে জেলা প্রশাসক

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদ সহ বিভিন্ন ইউনিয়ন পরিষদে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ১০ কেজি করে ভিজিএফ এর চাউল বিতরণ পরিদর্শন করলেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের ভিজিএফ এর চাউল বিতরণ পরিদর্শন করেন। এসময় তিনি উপস্থিত সেবা গ্রহীতাদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি করে চাউল বিতরন করা হয়। এসব চাউল সঠিক ও সুষ্ঠভাবে বিতরণ হচ্ছে কিনা তা নিজে সরজমিনে পরিদর্শন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ডা. কিসিঞ্জার চাকমা। চাউল বিতরণ কার্যক্রম পরিদর্শনে তিনি সন্তোষ প্রকাশ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ এর কর্মসূচির আওতায় বিনামূল্যে দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান ২ শহিদুল ইসলাম সহ ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।